

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮৪

১৬/ শিকার (ﷺ کتاب الصید والذبائح عن رسول الله کار) পরিচ্ছেদঃ ১৫. সাপ মারা

باب مَا جَاءَ فِي قَتْلِ الْحَيَّاتِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ صَيْفِيّ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ لِبُيُوتِكُمْ عُمَّارًا فَحَرِّجُوا عَلَيْهِنَّ ثَلاَثًا فَإِنْ بَدَا لَكُمْ بَعْدَ ذَلِكَ مِنْهُنَّ شَيْءٌ فَاقْتُلُوهُ ". قَالَ أَبُو عِيسَى هَكَذَا رَوَى عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ هَذَا الْحَدِيثَ عَنْ صَيْفِيّ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيّ . وَمَنَ الله عليه وسلم وَفِي السَّائِب، مَوْلَى هِشَامِ بْنِ زُهْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدرِيّ . عَنْ أَبِي السَّائِب، مَوْلَى هِشَامِ بْنِ زُهْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم وَفِي الْحَديث قِصَّةٌ . حَدَّثَنَا بِذَلِكَ عَنْ أَبِي سَعِيدٍ، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم وَفِي الْحَديث قِصَّةٌ . حَدَّثَنَا بِذَلِكَ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا مَعْنُ حَدَّثَنَا مَالِكُ . وَهَذَا أَصَحَ مِنْ حَدِيثِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَرَوَى مُمَالِكُ . وَهَذَا أَصَحَ مُنْ حَدِيثِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَرَوَى مُمَالِكُ . وَهَذَا أَصَحَ مُنْ حَدِيثِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَرَوَى مُمَالِكُ . وَهَذَا أَصَحَ مُنْ حَدِيثِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَرَوَى مُمَالِكُ .

বাংলা

১৪৮৪। আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের ঘরে বসবাসকারী অন্য প্রাণীও আছে। এদেরকে তিনবার সাবধান কর। এরপরও তা হতে তোমাদের জন্য (ক্ষতিকর কিছু) প্রকাশ পেলে তবে এটাকে মেরে ফেল।

সহীহ, যঈফা (৩১৬৩ নং হাদীসের অধীনে), মুসলিম

আবু ঈসা বলেন, অনুরূপভাবে হাদিসটি উবাইদুল্লাহ ইবনু উমার বর্ণনা করেছেন, সাইফী হতে, তিনি আবু সাঈদ খুদরী (রাঃ) হতে। মালিক ইবনু আনাস বর্ণনা করেছেন সাইফী হতে, তিনি আবুস সাইব হতে, তিনি আবু সাঈদ হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে। এই হাদীসটির একটি ঘটনা আছে। এই হাদীসটি উবাইদুল্লাহ ইবনু উমারের হাদীসের চেয়ে অধিক সহীহ। মুহাম্মাদ ইবনু আজলান সাইফী হতে মালিকের মতই বর্ণনা করেছেন।



English

Narrated Abu Sa'eed Al-Khudri:

That the Messenger of Allah () said: "Indeed there are others inhabiting your homes. So yell at them three times (to leave). If you see any of them after that, then kill them."

Malik bin Anas reported this Hadith from Saifi from Abu As-Sa'ib the freed slave of Hisham bin Zuhrah, from Abu Sa'eed from the Prophet (ﷺ), and there is a story along with the Hadith. Another Chain similar to the narration of Malik

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন